Section 13

Use of Punctuation

Punctuation has been defined as 'a convention practiced by the writer for the convenience of the reader'. (G. H. Vallins: *Good English*)

The basic or fundamental mark of punctuation is (.) It is called full stop in British English and period in American English. Use this punctuation mark

- at the end of a sentence which is not a question (?) or an exclamation (!)
  Example: I rang. There was no answer.
- Sometimes in abbreviations
  Example: Jan. e.g. a.m., etc
- internet and e-mail addresses (called 'dot')
  Example: sahmed. com

Comma (,)

- to separate words in a list. The comma is often omitted before *and.*
  Example: a blue, red and white dress tea, coffee, milk or chocolate
- to separate phrases or clauses
  Example: If you work hard, revise your notes, you will do well in the exam..
  Educated at Dhaka University, Mr Kamal joined the Civil Service.
- before and after a clause or phrase that gives additional but not essential information about the noun it follows
  Example: Dhaka, which is the capital of Bangladesh, is the largest city in the country.

- to separate main clauses, especially long ones, linked by a conjunction such as *and, as, but, for*

  Example: We have been looking forward to our annual picnic, but unfortunately rain ruined our programme.

- to separate an introductory word or phrase or an adverbial that applies to the whole sentence from the rest of the sentence:

  Example: By the way, have you heard that our mutual friend Anis is going abroad?

  As you know, our headmaster is going to retire next year.

- to separate a tag question from the rest of the sentence:

  Example: He is intelligent, isn't he?

  You are American, aren't you?

- before or after 'he said' when writing down conversation:

  Example: 'I'm ill,' he said.

- before a short quotation:

  Example: The Bible says, 'Man does not live by bread alone'.

Colon (:) Use this punctuation mark

- to introduce a list of items

  Example: To do well in the exam, you need: hard work, a good memory and intelligence

- in formal writing before a clause or phrase that gives more information about the main clause

  Example: The room needs cleaning: it is dirty and smelly.

- to introduce a quotation:

  Example: As Socrates says: 'Man is a rational animal'.

Semi-colon (;)

- instead of a comma to separate parts of a sentence
  Example: He is a poet; he is also a novelist.
- in formal writing, to separate two main clauses:
  Example: There are heavy clouds in the sky; it may rain.

Question mark (?)

- at the end of a direct question:
  Example: Are you happy with your results?
  Is he out?
  Do not use a question mark at the end of an indirect question.
  Example: He asked if she was hungry.
- to express doubt, especially with a date
  Example: John Donne died in 1630 (?)

Exclamation mark (British English)
Exclamation point (American English)

Use exclamation mark (!)

- at the end of a sentence expressing surprise, joy, anger or another strong emotion:
  It is wonderful!
  How nice!

Apostrophe (')

Use this punctuation mark

- to indicate that a thing or person belongs to somebody.
  Example: This is my uncle's house.
  He is my sister's son.
- to indicate that letters or figures have been omitted:
  Example: I'm (I am)
  The winter of '90
- Sometimes with s to form the plural of a letter, a figure or an abbreviation:
  Example: during the 1980's

Hyphen (-)

Use this mark

- to form a compound from two or more words

  Examples: a kind-hearted man
  a soft-spoken woman

- to form a compound from a prefix and a proper name

  Example: anti-American
  pro-Indian

- when writing compound numbers between 21 and 99 in words

  Example: twenty-five
  seventy-three

- sometimes, in British English, to separate a prefix ending in vowel from a word beginning with the same word

  Example: pre-eminent
  co-ordinator

- after the first section of a word that is divided between one line and the next

  Example: I do not under-
  stand what you mean.

Dash (—)

- in informal English ,instead of a colon or semi-colon, to indicate that what follows is a summary or conclusion of what has gone before.

  Example: The fire was raging, electricity went off, people were shouting, the children were crying-----it was all chaos.
  You admitted that you had stolen the watch----- how can I trust you again?

- singly or in pairs to separate a comment or an after-thought from the rest of the sentence:

  Example: He knows nothing about it----or so he said.

Dots (...)

- to indicate that words have been omitted especially from a quotation at the end of a conversation:

  Example: We.....are very proud that we achieved independence after an armed struggle.

Slash/oblique (/)

Use this mark to separate alternative words or phrases:

Example: You can have tea/coffee.
single/married divorced/ widowed

Quotation marks (') (")

In American English double quotation marks are used. Use the marks

- to indicate words and punctuation in direct speech:

  'Why were you absent from yesterday?' the teacher asked.
  'I'll answer the telephone,' she said.

- to draw attention to a word that is unusual for the context, for example, a slang
- expression or to a word that is being used for special effect, such as irony:

  He was arrested in the name of 'national security'.
  She told the servant to 'get lost'.

- around the titles of articles, books, poems:

  Keats's 'Ode to a Nightingale'
  He has published an article called 'Global Warming'.

- around short quotations or sayings:

  Do you know the meaning of the saying 'God's ways are mysterious'?

Brackets ( ) (British English)

Parenthesis (American English)

Use brackets

- to separate extra-information or comment from the rest of a sentence:

Mr Hakim (80) died of old age yesterday.

We teach romantic poetry (Wordsworth, Coleridge, Shelley and Keats) in the Honors course

- to enclose cross references:

  Homer does not glorify war. (see The *Iliad*)

- around numbers or letters in texts:

  Our aim in this course is to (i) give you a good grounding in English Grammar and (ii) to help you develop an insight into literature

Italics

Use this mark

- to show emphasis:

  The tea is not for me—it is for *you*.

  Under no circumstances will I do it again.

- to indicate titles of books, plays, etc.

  Shakespeare's *Macbeth* is a great tragedy.

- for foreign words and phrases:

  mote just (appropriate word)

Exercise

Punctuate the following sentences:

a. Let us begin by looking at the two countries where population pressures are most severe Bangladesh and India.

b. An audience is basically one of three things friendly, hostile or indifferent.

c. Some industries have established good relations with their unions by increasing benefits vacations insurance and pension plans.

d. He has gone abroad. He will visit several countries: U SA Canada and Mexico.

e. Tell me what's your name.

Section 14

Translation from Bangla into English

Translation বা অনুবাদ একটি কঠিন কাজ। অনেক সময় আক্ষরিক অনুবাদ সঠিক ভাব প্রকাশ করে না। আবার, এক ভাষার বাক্যের গঠন অন্য ভাষার বাক্য গঠন থেকে স্বতন্ত্র হতে পারে। তাছাড়া, প্রত্যেক ভাষার নিজস্ব কিছু বাগধারা আছে যা হুবহু অনুবাদ করলে হাস্যকর হয়। কথাগুলো বাংলা থেকে ইংরেজী অনুবাদের ক্ষেত্রেও প্রযোজ্য। কিছু উদাহরণ দেওয়া যাক।

"সে ভাত খাচ্ছে" এই বাক্যের অনুবাদ "He is eating rice" করলে সঠিক ভাব প্রকাশ করা হয় না, কারণ বাংলা বাক্যটিতে 'ভাত' বলতে যা বুঝায় তাকে ইংরেজীতে 'meal' বলে। তাই বাংলা বাক্যটির যথাযথ ইংরেজী হবে "He is eating/having a meal." বাংলা ও ইংরেজী বাক্যের গঠন যে কত স্বতন্ত্র তা নিম্নোক্ত উদাহরণ থেকে স্পষ্ট হবে: "আমি কালকে ঢাকায় যাবো: এই বাক্যের গঠন অনুযায়ী ইরেজী অনুবাদ করলে এই দাঁড়ায়: "I tomorrow to Dhaka will go." কিন্তু এটা ইংরেজী বাক্য হলো না। ইংরেজী বাক্যের গঠন অনুযায়ী এটাকে অনুবাদ করতে হবে: "I will go to Dhaka tomorrow." অথবা "I am going to Dhaka tomorrow." উভয় ভাষার বাগধারা যে এক নয় তার একটা উদাহরণ দেওয়া যাক: 'আমি রিকশার জন্য দাঁড়িয়ে আছি: -এর অনুবাদ "I am standing for a rickshaw: করলে হাস্যকর হবে, কারণ 'stand for' এর অর্থ 'support' অথবা 'represent,' তাই বাংলা বাক্যটির অনুবাদ করতে হবে এই ভাবে: I am waiting for a rickshew.

নীচে নমুনা স্বরূপ কয়েকটি বাংলা passage-এর ইংরেজী অনুবাদ দেওয়া হলো। Passage গুলো তিনটি ভাগে ভাগ করা হয়েছে: Descriptive, Narrative ও Expository, কারণ সাধারণত: লেখা এই তিন ধরনের হয়ে থাকে এবং এদের প্রত্যেকটির ভাষা কিছুটা স্বতন্ত্র হয় যেটা শিক্ষার্থীর জানা দরকার। Passage গুলোর অনুবাদ সরাসরি করা হয়নি, একটি process অনুসরণ করা হয়েছে। প্রথমে শিক্ষার্থীর পক্ষে কঠিন হতে পারে এমন কিছু বাংলা শব্দ বা বাক্যাংশের (phrase) অনুবাদ দেওয়া হয়েছে, তার পর প্রত্যেকটি বাংলা বাক্য ইংরেজী structure-এ রূপান্তরিত করে অনুবাদ করা হয়েছে। কিন্তু একটি passage-এর অনুবাদ করতে গিয়ে প্রত্যেকটি

বাক্যকে আলাদা আলাদা করে দেখলে হয় না। Passage-এর ভাব, ভাষার সৌন্দর্য ও বাক্য গঠনে বৈচিত্র-এ সবের খাতিরে কোন কোন ক্ষেত্রে একটি বাক্য দু'টি অথবা দুটি বাংলা বাক্যকে একটি ইংরেজী বাক্যে প্রকাশ করতে হয়। তাই একটি final version দেওয়া হয়েছে। পরীক্ষায় শিক্ষার্থীদের final version টি লিখতে হবে। Procees টি আয়ত্ব করলে শিক্ষার্থীর পক্ষে অনুবাদের কাজ সহজ হতে পারে।

Group A

(Descriptive Passages)

১. আমাদের শ্রেণী কক্ষটি আর্টস বিল্ডিং এর দোতালায়। কক্ষটি বেশ বড়। পঁচিশ ফুট লম্বা ও আঠারো ফুট চওড়া। দেয়ালগুলো হালকা নীল কিন্তু ছাদের নীচের পিঠ সাদা। কক্ষে একটি দরজা ও চারটি জানালা আছে। ঘরটিতে আলো বাতাস আছে। গরমের সময় ঘরটি ঠান্ডা রাখার জন্য পাঁচটি ফ্যান আছে। সামনের দেয়ালে একটি বড় ব্লাকবোর্ড আছে। ব্লাকবোর্ডের সামনে শিক্ষকের ডেস্ক। ছাত্রদের জন্য কক্ষে প্রায় চল্লিশটি চেয়ার আছে। প্রত্যেক চেয়ারে একটি সমতল ডান হাত আছে। এটি ছাত্রের ডেস্ক। মোটের উপর, আমাদের শ্রেণীকক্ষটি বেশ সুন্দর ও মনোরম।

Words and Phrases

আমাদের শ্রেণীকক্ষ – our classroom

আর্টস বিল্ডিং এর দোতালায়– on the first floor of the Art Building

বেশ বড় fairly big

হালকা নীল– light blue

ছাদের নীচের পিঠ– ceiling

গরমের সময়– in the summertime

ব্লাক বোর্ডের সামনে– in front of the blackboard

সমতল হাত ডান হাত– flat right arm

মোটের উপর– on the whole

সুন্দর ও মনোরম– nice and pleasant

Sentence structures

আমাদের শ্রেণী কক্ষটি আর্টস বিল্ডিং এর দোতালায়।

Subject + 'be' verb + adverbial of place

Our classrom is on the first floor of the Arts Building.

কক্ষটি বেশ বড়।

Sub + L-verb + adj-complement

The room is fairly big.

পঁচিশ ফুট লম্বা ও আঠারো ফুট চওড়া।

Sub + L-verb + adj-complement

It is twenty-five feet long and eighteen feet wide.

দেয়ালগুলো হালকা নীল কিন্তু ছাদের নীচের পিঠ সাদা।

Sub + L-verb + adj-complement + but + Sub + L-verb + adj-complement.

The walls are light blue, but the ceiling is white.

কক্ষে একটি দরজা ও চারটি জানালা আছে।

Sub + Tr-verb + object/There + verb + subject

The room has a door and four windows/There are a door and four windows in the room.

ঘরটিতে আলো বাতাস আছে।

Sub + L-verb + Adj-complement

The room is light and airy.

গরমের সময় ঘরটি ঠান্ডা রাখার জন্য পাঁচটি ফ্যান আছে।

Sub + Be + Verb + Subject

There are five fans in the room for keeping it cool in the summertime.

সামনের দেয়ালে একটি বড় ব্লাকবোর্ড আছে।

There + Be + Verb + Subject + Adverbial of place

There is a big blackboard on the front wall.

ব্লাকবোর্ডের সামনে শিক্ষকের ডেস্ক।

Sub + 'Be' + Adverbial of place.

The teacher's desk is in front of the blackboard.

ছাত্রদের জন্য কক্ষে প্রায় চল্লিশটি চেয়ার আছে।

There + 'Be' + Subject.

There are about forty chairs in the room for the students.

প্রত্যেক চেয়ারে একটি সমতল ডান হাত আছে।

Sub + Tr-verb + Object

Each chair has a flat right arm.

এটি ছাত্রের ডেস্ক।

Sub + L-verb + Noun-complement

It is the student's desk.

আমাদের শ্রেণীকক্ষটি বেশ সুন্দর ও মনোরম।

Sub + L-verb + Adj-complement

Our classroom is very nice and pleasant.

Final Version

Our classroom is on the first floor of the Arts Building. It is a fairly big room twenty-five feet long and eighteen feet wide. The walls are light blue, but the ceiling is white. The room which has a door and four windows is light and airy. There are five fans in the room for keeping it cool in the summertime. There is a big blackboard on the front wall. The teacher's desk is in front of the blackboard. There are about forty chairs in the room for the students. Each chair has a flat right arm which is the student's desk. On the whole, ours is a nice and pleasant classroom.

2. আমার দাদার বয়স প্রায় সত্তর বছর। কিন্তু তাকে কম বয়েসী দেখায়। তিনি এখনো বেশ সুস্থ সবল। তিনি মেদবিহীন, পাতলা ও লম্বা। তার মাথা ভর্তি চুল; সবে পাক ধরেছে। দাঁড়ী আছে, কিন্তু ছাটা। দাঁতগুলো সাদা ও সমান এবং সবগুলো ভাল অবস্থায় আছে। তিনি ভাল খেতে পারেন; তার ভাল ঘুম হয়। তিনি হাসিখুশী, মিশুক ও দয়ালু। তিনি গ্রামের সকলের খুব প্রিয়।

Words and Phrases

আমার দাদা– my grandfather

সুস্থ সবল – hale and hearty

মেদবিহীন, পাতলা ও লম্বা – lean, slim and tall

মাথা ভর্তি চুল– a shock of hair

সাদা ও সমান– white and even

হাসিখুশী, মিশুক ও দয়ালু– cheerful, sociable and kind-hearted

সকলের খুব প্রিয়– a great favourite with everybody/Everybody is fond of him

Sentence structures

আমার দাদার বয়স প্রায় সত্তর বছর।

Sub + L-verb + Adj-complement

My grandfather is about seventy years old.

কিন্তু তাকে কম বয়েসী দেখায়।

Sub + L-verb + Adj-complement

But he looks younger than his years.

তিনি এখনো বেশ সুস্থ সবল।

Sub + L-verb + Adj-complement

He is still hale and hearty.

তিনি মেদবিহীন, পাতলা ও লম্বা।

Sub + L-verb + Adj-complement

He is lean, slim and tall.

তার মাথা ভর্তি চুল; সবে পাক ধরেছে।

Sub + Tr-verb + Object, Sub + L-verb + Adj- complement

He has a shock of hair, It is just turning grey.

তার দাঁড়ী আছে, কিন্তু ছাটা।

Sub + Tr-verb + Object, + but + Sub + Tr-verb + Object

He has a beard, but he trims it.

তিনি ভাল খেতে পারেন; তার ভাল ঘুম হয়।

Sub + Tr-verb + Object, Sub + Intr-verb

He has a good appetite., He sleeps well.

তিনি হাসিখুশী, মিশুক ও দয়ালু।

Sub + L-verb + Adj-complement

He is cheerful, sociable and kind-hearted.

তিনি গ্রামের সকলের খুব প্রিয়।

Sub + L-verb + Noun-complement/Sub + L-verb + Adj-complement

He is a great favourite with everybody in the village/Everybody in the village is fond of him.

Final Version

My grandfather is about seventy years old, but he looks younger than his years. Lean, slim and tall, he is still hale and hearty. He has a shock of hair which is just turning grey. He has a trimmed beard. His teeth, which are white and even, are all in good condition. He has good appetite and he sleeps well. Cheerful, sociable and kind-hearted, he is a great favourite with everybody in the village.

লক্ষণীয় যে Descriptive passage এ সাধারণত linking verb ও adjective বেশী ব্যবহৃত হয়। Adjectives বিভিন্ন ধরনের হতে পারে যেমন:

Adjectives of size: small, big, long, short, wide

Adjectives of shape: flat, round, square, rectangular

Adjectives of colour: black, white, blue, green, grey

Adjectives of mental condition: happy, cheerful, sad, disappointed

Adjectives of quality: nice, pleasant, charming, comfortable

Exercises

Translate the following passages into English:

(a) আমার শোবার ঘরটি ছোট। বারো ফুট লম্বা ও দশ ফুট চওড়া। ঘরে একটি দরজা ও দু'টি জানালা আছে। একটি জানালা দক্ষিণ দিকে, অন্যটি পূর্ব দিকে। দেয়ালগুলো সাদা। দেয়ালে একটি ক্যালেন্ডার ও একটি পৃথিবীর মাত্রচিত্র আছে। আমার বিছানাটি পূর্ব দিকের দেয়ালের ধারে। বিছানার ঠিক উপরে একটি ফ্যান আছে। দক্ষিনের জানালার ধারে একটি টেবিল ও একটি চেয়ার আছে। পশ্চিম দিকের দেয়ালের ধারে একটি আলনা আছে। মেঝেতে কার্পেট বিছানো। ঘরটি বেশ সুন্দর ও আরামদায়ক।

(b) আমাদের ইংরেজী শিক্ষক একজন সুদর্শন ব্যক্তি। তার বয়স তিরিশের কোঠায়। বেশ লম্বা। দেহ সুগঠিত। গায়ের রং ফর্সা। মাথায় ঘন কোঁকড়ানো চুল। মুখমন্ডল গোলাকার। দাঁড়ী কামান নিখুঁতভাবে। চশমা পরেন। পোষাক-পরিচ্ছদে ফিটফাট। বস্তুত: তার চেহারা খুব আকর্ষণীয়।

Group B
(Narrative Passages)

1. নাসিরুদ্দিন হোজ্জা একজন পন্ডিত ও রসিক ব্যক্তি ছিলেন। একদিন তিনি এক জায়গায় যাচ্ছিলেন। হঠাৎ একজন লোক তার কাছে এসে বললো: 'দয়া করে আমার এই চিঠিটা পড়ে দেবেন?"

নাসিরুদ্দিনের তাড়া ছিল। তিনি বললেন, "আমি লেখাপড়া জানি না।"

লোকটি বললো: 'তা কি করে হয়? আপনার মাথায় এত বড় পাগড়ী। একমাত্র পন্ডিত লোকেরাই পাগড়ী পরে।"

নাসিরুদ্দিন নিজের পাগড়ীটি খুলে লোকটির মাথায় পরিয়ে দিলেন। তারপর বললেন: "বেশ, এখন তো তোমার মাথায় পাগড়ী। চিঠিটা এখন তুমি নিজেই পড়ে নেও।"

Words and Phrases

পন্ডিত ও রসিক ব্যক্তি–a learned and witty person

চিঠি পড়ে দেওয়া– read a letter for someone

তাড়া– in a hurry

এত বড় পাগড়ী– such a big turban

বেশ– all right/well

Sentence structures

নাসিরুদ্দিন হোজ্জা একজন পন্ডিত ও রসিক ব্যক্তি ছিলেন।

Sub + L-verb + noun-complement

Nasiruddin was a learned and witty person.

একদিন তিনি এক জায়গায় যাচ্ছিলেন।

Sub + Intr. verb/Sub + 'Be' + Adverbial of place.

One day he was going to a place.

One day he was on his way to a place.

হঠাৎ একজন লোক তার কাছে এসে বললো:

Sub + Intr. verb + and + said

Suddenly a man came up to him and said.

'দয়া করে আমার এই চিঠিটা পড়ে দেবেন?

Would + Sub + Tr. verb + Object

"Would you please read this letter for me?"

নাসিরুদ্দিনের তাড়া ছিল।

Sub + 'be' + adverbial

Nasiruddin was in a hurry.

তিনি বললেন: 'আমি লেখাপড়া জানি না।"

Sub + Tr. verb + sub + Intr. verb

He said: "I can't read and write."

লোকটি বললো: 'তা কি করে হয়?'

Sub + Tr verb + how + auxiliary + sub + main verb

The man said: "How can that be?"

আপনার মাথায় এত বড় পাগড়ী।

Sub + Tr. verb + Object

You've got such a big turban on your head.

একমাত্র পন্ডিত ব্যক্তিরাই পাগড়ী পরে।

Sub + Tr. verb + Object

Only learned men wear turbans.

নাসিরুদ্দিন নিজের পাগড়ীটি খুলে লোকটির মাথায় পরিয়ে দিলেন।

Sub + Tr. verb + Object

Nasuruddin took off his turban and put it on the man's head.

তারপর বললেন, "বেশ এখন তো তোমার মাথায় পাগড়ী।"

Sub + Tr. verb + Sub + Tr. verb + Object

Then he said, "Well, You've got a turban on your head now.

"চিঠিটা তুমি এখন নিজেই পড়ে নাও।"

Tr. Verb + Object

"Read the letter for yourself now."

Final Version

Nasiruddin Hozza was a learned and witty person. One day he was on his way to a place when suddenly a man came up to him and said. "Would you please read this letter for me?" Nasiruddin was in a hurry, so he said, "I can't read or write."

The man said, "How can that be? You've got such a big turban on your head. Only learned men wear turbans."

Nasiruddin took off his turban and put it on the man's head. Then he said, "Well, now that you've got a turban on your head, read the letter for yourself.'

2. হাসান স্কুল থেকে হেঁটে বাড়ী ফিরছিলো। বৃষ্টি হওয়াতে রাস্তা ভিজা ও পিচ্ছিল ছিল। হাসান একটু অন্যমনস্ক হয়ে পড়েছিল। হঠাৎ সে পা পিছলে পড়ে গেল এবং বাম হাটুতে ব্যাথা পেল। সে বসে বসে আহত হাটুতে হাত বুলাচ্ছিল। একটি রিকশাওয়ালা ঐ পথ দিয়ে যাচ্ছিল। ছোট ছেলেটিকে ঐ অবস্থায় দেখে সে তাকে রিকশায় তুলে নিয়ে কোথায় থাকে জিজ্ঞাসা করলো এবং তাকে তার বাসায় পৌছে দিলো। হাসান তাকে ভাড়া দিতে গেল, কিন্তু সে নিলো না। হাত নেড়ে চলে গেল।

Words and Phrases

ভিজা ও পিচ্ছিল– wet and slippery

অন্যমনস্ক– absent-minded

পা পিছলে যাওয়া– slip

আহত হাটু– injured knee

রিকশাওয়ালা– trishaw driver/rickshaw driver

হাত নাড়া– wave

Sentence structures

হাসান স্কুল থেকে হেঁটে বাড়ী ফিরছিলো।

Sub + Intr. verb

Hasan was walking home from school.

বৃষ্টি হওয়াতে রাস্তা ভিজা ও পিচ্ছিল ছিল।

As + Sub + Intr. verb + sub + L-verb + Adj. complement

As it had rained, the road was wet and slippery.

হঠাৎ সে পা পিছলে পড়ে গেল এবং বাম হাটুতে ব্যাথা পেল।

Sub + Intr. verb + and + Passive verb

Suddently he slipped and got hurt in the left knee.

সে বসে বসে আহত হাটুতে হাত বুলাচ্ছিল।

Sub + Intr. verb

He sat rubbing the injured knee.

একটি রিকশাওয়ালা ঐ পথ দিয়ে যাচ্ছিল।

Sub + Intr. verb

A rickshaw driver was passing along the road.

ছোট ছেলেটিকে ঐ অবস্থায় দেখে সে তাকে রিকশায় তুলে নিলো।

Sub + Tran. verb + Object

Seeing the boy in that condition, he lifted him on to his rickshaw.

কোথায় থাকে জিজ্ঞাসা করে তাকে বাড়ি পৌছে দিলো।

Sub + Tr. verb + Indirect object + Noun clause as Direct Object + Tr. verb + Object + adverbial of place

He asked him where he lived and took him home.

হাসান তাকে ভাড়া দিতে গেল।

Sub + Tr. verb Indirect object + Direct object

Hassan offered him the fare

কিন্তু সে নিলো না।

Sub + Tr. verb Infinitive as Object

But he declined to take it.

হাত নেড়ে চলে গেল।

Sub + Tr. verb

With a wave of his hand, he went off.

Final Version

Hasan was walking home from school. As it had rained, the road was wet and slippery. Hasan was a little absent-minded. Suddenly he slipped and got hurt in the left knee. He sat rubbing the injured knee. A rickshaw driver was passing along the road. Seeing the boy in that condition, he lifted him on to his rickshaw, asked him where he lived and took him home. Hassan offered him the fare. But he declined to take it. With a wave of his hand, he went off.

মনে রাখতে হবে যে Narrative Passage এ যথাযথ verb, tense form ও adverbial এর ব্যবহার খুব গুরুত্বপূর্ণ। বর্ণনার ভাষা ও কথোপকথনের ভাষার মধ্যে পার্থক্য থাকতে পারে। কথোপকথনে phrasal verb (e.g. *take* off. *put on*) ও contracted form (e.g. *can't. you've*) বিশেষভাবে লক্ষণীয়।

Exercises

Translate the following passages into English.

(a) কামালের একটি কুকুর ছিল। সে তাকে খুব ভালবাসতো। কুকুরটিও তাকে ভালবাসতো। কামালকে দেখলে সে আনন্দে লেজ নাড়তো। কিন্তু তার একটি দোষ ছিল, সে রাত্রে ডাকতো। তাতে কামালের ঘুমের ব্যাঘাত হতো। অবশেষে সে বিরক্ত হয়ে কুকুরটিকে রাখবে না বলে মনস্থ করলো। একদিন সে কুকুরটিকে রিকশায় করে অনেক দূরে এক মাঠের মধ্যে রেখে চলে এলো। ভাবলো সে পথ চিনে আসতে পারবে না। ঐ দিন গভীর রাত্রে কিসের শব্দে কামালের ঘুম ভেঙে গেল। উঠে বুঝতে পারলো যে বাইরে গেটে কে একজন আঘাত করছে। গিয়ে দেখে তার কুকুরটি আনন্দে লেজ নাড়ছে। কামাল মৃদ হেসে তাকে ভিতরে নিয়ে এলো।

(b) এক সুলতান ট্যাক্স আদায় করার জন্য একজন সৎ লোক নিয়োগ করতে চেয়েছিলেন। তার বিজ্ঞ উপদেষ্টা সকল আবেদনকারীকে প্রাসাদে ডেকে আনার পরামর্শ দিলেন। তিনি বললেন:

"আপনি তাদের নাচতে বলবেন। তাহলে আমি আপনাকে সৎ লোক দেখিয়ে দেবো।"

আবেদনকারীরা এলে তাদেরকে এক এক করে অন্ধকার বারান্দা দিয়ে সুলতানের সামনে যেতে বলা হলো। সবাই একত্রিত হলে সুলতান বললেন, "ভদ্রমহোদয়গণ, আমি আপনাদের নাচ দেখতে চাই।"

কিন্তু একজন ছাড়া আর সবাই নাচতে অস্বীকার করলো। ঐ লোকটি খুশি মনে নাচতে লাগলো।

"এই ব্যক্তি সৎ", উপদেষ্টা বললেন। তিনি অন্ধকার বারান্দায় টাকার বস্তা রেখে দিয়েছিলেন। অসৎ লোকগুলো বারান্দা দিয়ে যাওয়ার সময় টাকা দিয়ে পকেট ভর্তি করেছিল। নাচলে টাকার শব্দ হতো। তাই তারা নাচতে অস্বীকার করেছিল।

Group C
(Expository Passages)

(a) দুধ একটি আশ্চর্য খাদ্য। এতে প্রচুর পরিমাণ প্রোটিন, ভিটামিন ও খনিজ পদার্থ রয়েছে। এ সবই আমাদের স্বাস্থ্যের জন্য অতি প্রয়োজনীয়। তাই প্রত্যেকের দৈনিক অন্তত: দুই গ্লাস দুধ খাওয়া উচিৎ। তবে দুধ বীজানুর জন্যও ভাল খাদ্য। দুধে বীজানু দ্রুত বেড়ে যায়। সুতরাং দুধ না ফুটিয়ে কখনো পান করা উচিৎ নয়।

Words and Phrases

আশ্চর্য খাদ্য– wonder food

খনিজ পদার্থ– minerals

অতি প্রয়োজনীয়– essential

অন্তত:– at least

বীজানু– germs

Sentence structures

দুধ একটি আশ্চর্য খাদ্য।

Sub + L-verb + Noun-complement.

Milk is a wonder food.

এতে প্রচুর পরিমাণে প্রোটিন, ভিটামিন ও খনিজ পদার্থ রয়েছে।

Sub + L-verb + Adj-complement/Sub + Tr. verb + object

It is rich in proteins, vitamins and minerals.

It has plenty of proteins, vitamins and minerals.

এ সবই আমাদের স্বাস্থ্যের জন্য অতি প্রয়োজনীয়।

Sub + L-verb + Adj-complement.

They are all essential to our health.

তাই প্রত্যেকের দৈনিক অন্তত: দুই গ্লাস দুধ খাওয়া উচিৎ।

Sub + Tr. verb + object

So everyone should drink as least two glasses of milk a day.

তবে দুধ বীজানুর জন্যও ভাল খাদ্য।

Sub + L-verb + Noun-complement.

However, milk is also a good food for germs.

বীজানু দুধে দ্রুত বেড়ে যায়।

Sub + Intr. verb

Germs grow fast in milk.

অতএব দুধ না ফুটিয়ে পান করা উচিৎ নয়।

Sub + Tr. verb + Object.

Therefore one should never drink milk without boiling it.

Final Version

Milk is a wonder food. It is rich in proteins, vitamins and minerals. They are all essential to our health. So everyone should drink as least two glasses of milk a day. However, germs grow fast in milk as it is also a good food for them. Therefore one should never drink milk without boiling it.

(b) আমাদের দেশে অপরাধের হার বেড়ে চলেছে। প্রতিদিন কাগজে অপরাধের খবর দেখতে পাওয়া যায়। তবে সব অপরাধ প্রকাশিত হয় না। অপরাধ দমন করতে হলে আইন শৃঙ্খলা উন্নত করতে হবে। অপরাধীকে কঠোর শাস্তি দিতে হবে। তবে এসব ব্যবস্থা যথেষ্ট নয়। মানুষের নৈতিক বোধ জাগ্রত না করে অপরাধ নির্মুল করা যাবে না। নৈতিক বোধের সঙ্গে কি ধর্ম বিশ্বাসের কোন সম্পর্ক আছে? অনেকে মনে করেন যে ধর্ম বিশ্বাস ছাড়া নৈতিক বোধ কাজ করে না।

Words and phrases

অপরাধের হার– the crime rate

অপরাধের খবর– reports of crimes

আইন শৃঙ্খলা– law and order

কঠোর শাস্তি– rigorous punishment

নৈতিক বোধ– sense of morality

ধর্মবিশ্বাস– religious belief

অপরাধ নির্মুল করা– to root out crimes

Sentence structures

আমাদের দেশে অপরাধের হার বেড়ে চলেছে।

Sub + Intr. verb/Sub + Be + Adverbial

The crime rate is increasing in our country.

The crime rate is on the increase in our country.

প্রতিদিন খবর কাগজে অপরাধের খবর দেখতে পাওয়া যায়।

Sub + Tr. verb + Object

Every day we see reports of crimes in the newspapers.

তবে সব অপরাধের খবর প্রকাশিত হয় না।

Sub + Passive verb

But not all crimes are reported.

অপরাধ দমন করতে হলে আইন শৃঙ্খলা উন্নত করতে হবে।

Sub + Passive verb

To prevent crimes, law and order must be improved.

অপরাধের শাস্তি কঠোর হতে হবে।

Sub + L-verb + Adj-complement

Punishment for crimes must be severe.

তবে এসব ব্যবস্থা যথেষ্ট নয়।

Sub + L-verb + Adj-complement

But these measures are not enough.

মানুষের নৈতিক বোধ জাগ্রত না করে অপরাধ নির্মুল করা যাবে না।

Sub + Passive verb

Crime cannot be rooted out without awakening people's sense of morality.

নৈতিক বোধের সঙ্গে কি ধর্ম বিশ্বাসের কোন সম্পর্ক আছে?

'Be' + 'There' + sub

Is there any connection between moral sense and religious belief?

অনেকে মনে করেন যে ধর্ম বিশ্বাস ছাড়া নৈতিক বোধ কাজ করে না।

Sub + Tr. verb + Noun-clause as object.

Many people think morality does not work without religious belief.

Final Version

The crime rate is on the increase in our country. Every day we see reports of crimes in the newspapers. Not all crimes, howover, are reported. To prevent crimes, law and order must be improved, Punishment for crimes must be severe. However, these measures are not enough. Crime cannot be rooted out without awakening people's sense of morality. Is there any connection between moral sense and religious belief? Many people think that morality does not work without religious belief.

উল্লেখ্য যে, Expository passages এর ভাষা Descriptive বা Narrative passage এর ভাষা থেকে কিছুট স্বতন্ত্র। এই জাতীয় লেখায় ব্যাখ্যা বিশ্লেষণ থাকায় noun বা noun phrase এর ব্যবহার বেশী থাকে এবং শব্দগুলো সাধারণত: abstract হয়।

Exercise

Translate the following passages into English.

(a) আমাদের দেশে প্রায় বারো বছর যাবৎ বাধ্যতামূলকভাবে ইংরেজী পড়ানো হয়। কিন্তু এই দীর্ঘ সময়ের পরেও ছাত্র-ছাত্রীরা গ্রহণযোগ্য ইংরেজী লিখতে ও বলতে পারে না। এর অনেকগুলো কারণ আছে। প্রথমত: স্কুল পর্যায়ে যোগ্য ইংরেজী শিক্ষকের অভাব আছে। যারা ইংরেজী পড়ান তাদের কোন প্রশিক্ষণ নেই বললে চলে। দ্বিতীয়ত: বাস্তব জীবনে ইংরেজীর কোন ব্যবহার না থাকায় ছাত্ররা ইংরেজী শিখতে আগ্রহী হয় না। তারা কোন রকমে পাশ করতে চায়। তৃতীয়ত: পরীক্ষা পদ্ধতি ত্রুটিপূর্ণ। যে ধরনের প্রশ্ন করা হয় তা মুখস্তকে উৎসাহিত করে। ইংরেজী শিক্ষার গুরুত্ব অনুধাবন করে অবিলম্বে এই সব সমস্যার সমাধানের চেষ্টা করা উচিৎ।

(b) আমাদের শিক্ষা প্রতিষ্ঠাগুলোতে সন্ত্রাস প্রধান সমস্যা হয়ে দাঁড়িয়েছে। সন্ত্রাসের ফলে বেশ কিছু ছাত্র প্রাণ হারায়। অনেকে আহত হয়। যে প্রতিষ্ঠানে সন্ত্রাস হয়, সেটি অনির্দ্দিষ্টকালের জন্য বন্ধ হয়ে যায়। এতে ছাত্রদের পড়াশুনা ব্যাহত হয়। সন্ত্রাসের জন্য কেউ কেউ রাজনৈতিক দলগুলোকে দায়ী করেন। কেউ কেউ শিক্ষকদের দায়ী করেন। তাদের বক্তব্যের মধ্যে কিছুটা সত্য আছে সন্দেহ নেই। কিন্তু আসল কারণ অন্যত্র। আমাদের শিক্ষা ব্যবস্থা ছাত্রদের চরিত্রের উপরে কোন প্রভাব ফেলে না। তাদের মানবিক গুণাবলীর বিকাশ ঘটায় না। তাই ছাত্ররা সন্ত্রাসী হচ্ছে এতে আশ্চর্য হওয়ার কিছু নেই।

Section 15

Use of Capital Letters

First word of a sentence: Capitalize the first word of every sentence or expression punctuated with an end stop (period, question mark or exclamation mark):

Is your mother better? Not much. The reason is not clear.

First word of a line of poetry: The first word of each line is capitalized:

Full many a gem of purest ray serene
The dark unfathomed waves of ocean bear
Full many a flower is born unseen
And waste its sweetness in the desert air.

First word of a quotation: The first word of a direct quotation that is in itself a complete sentence is capitalized.

He said: 'The future of this country is very bright'.

But no capital is used when the quotation is fragmentary or built into the structure of a sentence or when the second part of a quoted sentence is interrupted by an expression such as he said:

According to Aristotle, the function of tragedy is to 'evoke the feelings of pity and fear'.

'The opinion is based', he said,' on wrong assumption'.

In parenthesis: A complete sentence enclosed in parenthesis is always capitalized when it stands alone, but when enclosed within another sentence, it usually is not:

A popular programme is often interrupted by commercials. (The sponsors do not believe that the viewers might be annoyed.

He comes from a prominent family (his mother was a poet) and was awarded a prize for a good documentary.

After a colon: A complete sentence standing alone after a colon is not usually capitalized when the connection with the preceding sentence is close:

If he had not been an actor, he would have got into less trouble: the professional politicians resented his intrusion.

The sentence after the colon is sometimes capitalized if it is distinctly separate or if the writer wants to give it emphasis:

Quite a few teachers in the department of English would tell the students: We know what we are doing.

In titles of written material: The first word, the last word, the principal parts of speech (nouns, pronouns, verbs, adjectives and adverbs) and prepositions of more than five letters are capitalized in the titles, magazine articles, themes and so on:

Lord of the Flies
Poetry Through the Ages

I and O: The pronoun I and the exclamation 0 are always capitalized to prevent their being read as parts of other words:

As I told you, O my darling.

Capitals for Proper Nouns and Their Derivatives

Names and titles of people: A person's name or nickname is always capitalized:

William Butler Yates
Sher-e- Bangla

A few titles of high rank are usually capitalized whether or not the officeholder is named:

The President, The Prime Minister, The Chief Justice

Titles referring to a position or an office rather than to the specific person holding it are not capitalized:

Capital	No capital
Professor Huq	He was appointed judge

The Queen addressed the conference England has had a number of queens. Names of family relationships are usually capitalized when used with a person's name or when used as proper nouns standing alone for the name: They are not capitalized when used as common nouns or when preceded by a possessive:

Capitals	No capitals
Grandpa Ahsan	He is a grandfather
Grandma Shirin	She is a grandmother
Uncle Toby	My uncle is a widower

Names of groups: Names referring to racial, national, linguistic, political or religious groups are capitalized:

Indian German Catholic
Liberal Democratic Muslim

Names of social or economic groups are not capitalized:

the middle-class, the intelligentsia, the aristocracy

Names of organizations: Names and abbreviations of business organizations, clubs, political parties and other organizations are capitalized:

The Wasa The Dessa The BNP The Awami League

Names of places: Words that designate specific geographical divisions or places and areas are capitalized:

Asia Africa Latin America Hyde Park

When names of directions are used to identify geographical areas, they are generally capitalized. When they merely indicate direction, they are not:

Capitals	No capitals
the Far East	the east of Suez
the Mid West	the south East

Names of institutions: The names of specific public or private institutions and their divisions and departments are capitalized. Names that apply to a whole class of institutions are not:

Capitals	No capitals
London Library	a public library
Vicarunnesa School	our high school

Names of government departments are capitalized although some newspapers have discontinued the practice:

The Department of Education

The Department of Law and Parliamentary affairs

Specific high-school, college or university courses are capitalized, general subjects are not: except for language courses:

Capitals	No capitals
Modern English Literature	literature
Advanced Writing Course	composition

Nouns of specific objects: Nouns of specific objects such as ships, planes, structures, famous documents and artifacts are capitalized:

the Empire State Building the Titanic the Magna Carta

Words designating specific periods, events, days, months are capitalized:

The Stone Age, the Renaissance, January , Monday, the May Day

Names of seasons are not generally capitalized:

autumn winter spring summer

Reference to deities and sacred texts are capitalized:

God Bible Quran Buddha

Exercise

1. Supply capital letters in the sentences below:
   a. opposition leader michael clark said: ' this is no time to show weakness'.
   b. the town of belmonte perched atop a rocky hilltop.
   c. French physician Maurice bucaille has written a remarkable book called the bible, the quran and science.
   d. the Norman conquest of England is an important historical event.
   e. friday is a weekly holiday in Bangladesh.

Section 16

Reading Comprehension

The Importance of Reading Comprehension

আমাদের দেশে ইংরেজী লেখা বা বলার চেয়ে ইংরেজী বইপত্র পড়ে বুঝতে পারার প্রয়োজন অনেক বেশী। সর্বস্তরে শিক্ষার মাধ্যম বাংলা, এবং অফিস আদালতেও প্রধানতঃ বাংলা ব্যবহৃত হয় বলে ইংরেজী লেখা বা বলার তেমন দরকার হয় না বা সুযোগ নেই। কিন্তু শিক্ষার মাধ্যম বাংলা হলেও উচ্চ শিক্ষার ক্ষেত্রে শিক্ষার্থীকে ইংরেজীতে লেখা বইপত্র পড়তে হবে উপাত্ত-উপকরন সংগ্রহ করার জন্য, পঠিত বিষয় গভীরভাবে জানার জন্য, কারণ বিশ্বের জ্ঞান-বিজ্ঞান প্রধানতঃ ইংরেজী ভাষায় লিপিবদ্ধ। বস্তুতঃ যারা ইংরেজী বোঝে না তাদের জ্ঞান সাধাণতঃ অগভীর হয়। তাই Reading Comprehension খুবই গুরুত্বপূর্ণ।

Difficulties about Reading Comprehension

ইংরেজী পড়তে গিয়ে শিক্ষার্থীকে কতকগুলো অসুবিধার সম্মুক্ষীন হতে হয়। সেগুলো নিম্নরূপঃ

1. অধিকাংশ শিক্ষার্থীর শব্দ-সম্ভার অত্যন্ত সীমিত। এস, এস, সি এবং এইচ, এস, সি পরীক্ষায় শব্দের উপর কোন প্রশ্ন হয় না বলে তারা নতুন শব্দ শিখতে কোন তাগিদ বোধ করে না। একই কারণে শিক্ষকরাও এদিকে নজর দেন না। ফলে সীমিত শব্দ-সম্ভার নিয়ে শিক্ষার্থীর পক্ষে ইংরেজী লেখার অর্থ উদ্ধার করা প্রায় অসম্ভব হয়ে পড়ে।
2. ইংরেজী বাক্যের গঠন, বিশেষ করে complex sentence বা জটিল বাক্যের গঠন, সম্পর্কে অনেক শিক্ষার্থীর ধারনা অস্পষ্ট বলে শব্দের অর্থ জানলেও তারা বাক্যের অর্থ বুঝতে পারে না।
3. আমাদের দেশে ইংরেজী শিক্ষা দেওয়া হয় sentence level বা বাক্য পর্যায়ে। Paragraph লিখতে শেখানো হয় না এবং পাঠ্যবই পড়ানোর সময় paragraph-এর গঠন পদ্ধতি আলোচনা করা হয় না, তাই শিক্ষার্থীরা লেখকের বক্তব্যের ধারা বা কৌশল বুঝতে পারে না।

উপরোক্ত অসুবিধাগুলো কাটিয়ে উঠতে হলে নিম্নলিখিত techniques বা কৌশল ব্যবহার করা যেতে পারে।

Vocabulary – interpretation techniques

1. Check the meaning of the unfamiliar word in a dictionary. ইংরেজী লেখা পড়ার সময় অজানা শব্দের অর্থ dictionary (Oxford Advanced Learner's Dictionary of Current English সব চেয়ে বেশী উপযোগী) দেখে জেনে নিতে হবে। শব্দ-সম্ভার বাড়ানোর এটাই সর্বত্তোম কৌশল। দৈনিক অন্ততঃ ১০টি নতুন শব্দ শেখার চেষ্টা করতে হবে। Dictionary কিভাবে দেখতে হবে সে ব্যাপারে শিক্ষকের সাহায্য নেওয়া যেতে পারে।

2. Guess the meaning of a word from the context by using context clues. Dictionary দেখে প্রতিটি অজানা শব্দের অর্থ জানতে হলে পড়ার গতি মন্থর হয়, কারণ অধিকাংশ শিক্ষার্থীর কাছে অজানা শব্দের সংখ্যাই বেশী। এতে অনেকে নিরুৎসাহিত হয়ে পড়ে। Dictionary ছাড়াই অনেক সময় context clues ব্যবহার করে শব্দের অর্থ অনুমান করা যায়। Context clues নানা ধরনের হতে পারে। কয়েকটি উদাহরণ দেওয়া হলোঃ

a. Definition : কোন কোন সময় কঠিন শব্দের সংজ্ঞা দেওয়া থাকে বা বাক্যের মধ্যে যথেষ্ট ব্যাখ্যা থাকতে পারে যা থেকে শব্দটির অর্থ স্পষ্ট হয়ে ওঠে।

Examples:

Every living being has a habitat (living place) to which it is suited.

Habitat means "living place"

Clue: The words within brackets ( )

Perishables, foods that go bad quickly, should be refrigerated.

Perishables means "foods that go bad quickly".

Clue : The appositive set off by commas (,)

Capital punishment is punishment by legally killing a person who has committed a serious crime.

Capital punishment means "punishment by legally killing a person who has committed a serious crime".

Clue : Definition structure.

b. Experience : আমাদের অভিজ্ঞতা ব্যবহার করে শব্দের অর্থ বুঝাতে পারা যায়।

Examples:

Milk is a wholesome food.

Wholesome means "good for health"

Clue : The reader knows from experience that milk is good for health.

c. **Contrast :** যখন দুটি শব্দ বিপরীত অর্থে ব্যবহৃত হয়, তখন একটির অর্থ জানলে, অন্যটির অর্থ সহজে বুঝা যায়।

Examples :

He is fat, but his wife is slim.

Slim means "not fat".

Clue : *fat, but*

Kamal is trustworthy but his brother is not reliable.

Trustworthy means "not reliable".

Clue : *but, not reliable.*

d. **Inference :** বাক্যের মধ্যে এমন কিছু শব্দ থাকে যা থেকে একটা নির্ভরযোগ্য অনুমান করা যায়।

Example :

The secret of his marriage was jealously guarded for a couple of years.

Jealously means "watchfully"

Clues : *secret, guarded, a couple of years.*

3. **Interpret the meaning of a word by word-analysis :** অনেক মূল শব্দের সঙ্গে prefix or suffix থাকে। এগুলো অর্থ জানলে শব্দের অর্থ উদ্ধার করা যায়। কয়েকটি প্রধান prefix-এর উদাহরণ দেওয়া হলো।

a. *dis* is used to make negative a noun/adjective/verb : distrust, dishonest, disagree

b. *mis* (bad, wrong) : misconduct, mismanage, misread.

c. *non* expresses a negative idea : non-payment, non-stop, non-fat.

d. *post* (after) is used to time or order : postmodifiers, post-war.

e. *pre* (before) : pre-modifiers, pre-independence.

f. *re* means "again" : rebuild, reconsider, rebirth.

g. *semi* means "half" : semi-cirele, semi-final, semi-detached.

h. *sub* means "under" : sub-cditor, sub-let, sub-committee.

i. *super* means "above" : supermarket, supernatural, superstructure.

j. *un* is a negative prefix : unhappy, unkind, unemployment.

Suffix : Prefix এর সঙ্গে suffix এর তফাৎ এই যে prefix মূল শব্দের আগে বসে এবং suffix মূল শব্দের শেষে বসে। তাছাড়া, prefix এর একটি আলাদা অর্থ আছে কিন্তু suffix মূল শব্দকে অন্য part of speech এ পরিবর্তন করে : kind-kindness. important – importance

Sentence – Comprehension techniques

এমন প্রায়শঃ ঘটে যে শিক্ষার্থী প্রায় প্রতিটি শব্দের অর্থ জানে কিন্তু তবু বাক্যের অর্থ, বিশেষ করে complex sentence বা জটিল বাক্যের অর্থ, বুঝতে ব্যর্থ হয়। এ ক্ষেত্রে নিম্নলিখিত পদ্ধতি অবলম্বন করা যেতে পারে।

1. **Sentence analysis :** ইংরেজী simple sentence গড়ে উঠে noun ও verb কে কেন্দ্র করে। তাই noun phrase-এর structure জানা থাকলে বাক্যটিকে analysis করে অর্থ বের করা যায়। আবার simple sentence. এর সমন্বয়ে complex sentence গঠিত হয়। একটি বাক্য যতই জটিল হোক না কেন, তার main clause এবং subordinate clause গুলো adjective clause , adverbial clause ও noun clause সনাক্ত করতে পারলে বাক্যের অর্থ পরিষ্কার হওয়ার কথা। যেহেতু এই বইটিতে বিভিন্ন sentence structures বিস্তৃতভাবে আলোচনা করা হয়েছে, তাই এখানে নতুন করে sentence analysis করার প্রয়োজন নেই।

2. **Recognition of reference terms :** লেখকরা একই শব্দের পুনরাবৃত্তি এড়ানোর জন্য reference terms ব্যবহার করে থাকেন। এগুলো নিম্নরূপ ঃ

Personal pronouns	:	he, she, it, etc.
Indefinite pronouns	:	some, somebody, any/anybody, nobody, every/everybody
Demonstrative pronouns	:	this, that, these, those
Relative pronouns	:	who, which, that, whom

এই reference items বুঝতে ব্যর্থ হলে বাক্যের অর্থ বোঝা যায় না। তাই পড়ার সময় এগুলো কোন্ শব্দের পরবর্তে ব্যবহৃত হয়েছে তা জানতে হবে।

Example:

Rocks are composed of a number of different substances. These are called minerals which are classified according to their chemical composition. Some are oxides, Some are sulfides, Some are silicates.

these = different substances
which = minerals
some = some minerals

3. **Recognition of signal word :** Signal word বলতে এমন শব্দ বা phrase বুঝায় যা বাক্যে অথবা বাক্যের মধ্যে connector বা যোগসূত্র হিসেবে কাজ করে। এই শব্দগুলো গুরুত্বপূর্ণ। এগুলো না বুঝলে লেখকের বক্তব্য ধরা যায় না। যে সমস্ত signal word সচরাচর ব্যবহৃত হয় সেগুলো নীচে উল্লেখ করা হলো ঃ

   a. Words signifying Addition : *and, as well as, besides, apart from, in addition to, moreover, furthermore*
   b. Words signifying Contrast : *but, though, although, still, yet, despite, even though, in contrast*
   c. Words signifying Emphasis : *in fact, above all, indeed, in particular, especially, particularly, in effect*
   d. Words signifying Cause- Effect Relationship : *accordingly, as a result, so, therefore, thus, as a consequence, so that , because of, owing to, in view of, on account of, etc*
   e. *Word signifying Condition : if, when, unless, provided*
   f. Words signifying Doubt or Hypothesis : *possibly, probably, perhaps*
   g. Words signifying Sequence or Order of Events *first, next, then, firstly, secondly, finally, lastly, in the first place*
   h. Words signifying Comparison : *like, unlike, likewise, in the same way, in the same mannet, similarly*
   i. Words signifying Illustration *for example, for instance, that is, namely, such as*
   j. Words singifying Summary : *on the whole, in short, in brief, to sum up, in conclusion, to conclude*

Types of Question:

আমাদের দেশে বিভিন্ন পরীক্ষায় যে সব প্রশ্ন করা হয় সেগুলোতে কোন নির্দিষ্ট type অনুসরণ করা হয় না এবং সেগুলোর উত্তর পরীক্ষার্থীরা set passage থেকে হুবহু উদ্ধৃত করে দেয়। এতে তারা নম্বর পায় বটে, কিন্তু comprehension-এর উদ্দেশ্য সাধিত হয় না। আসলে comprehension প্রশ্নে বিভিন্ন type আছে। এগুলোর কিছু অপেক্ষাকৃত সহজ এবং নিম্নস্তরের শিক্ষার্থীদের জন্য; কিছু অপেক্ষাকৃত কঠিন এবং উচ্চ স্তরের শিক্ষার্থীদের জন্য। এসব প্রশ্ন শুধু শিক্ষার্থীদের ইংরেজী বুঝতে সাহায্য করে তাই নয়, ইংরেজী ভাষা আয়ত্ব করতেও কার্যকরী হয়। নীচে উদাহরণ হিসেবে কয়েকটি passage এবং তাদের উপর বিভিন্ন ধরণের প্রশ্ন, কোন কোন ক্ষেত্রে উত্তরসহ, দেওয়া হলো। কয়টা passage এখানে অর্ন্তভূক্ত করা হয়েছে সেটা বড় কথা

নয়; বড় কথা হলো কিছু technique শেখানো যাতে শিক্ষার্থীরা নিজেরা ইংরেজী লেখা পড়ে বুঝতে পারে এবং লেখার কৌশল আয়ত্ব করতে পারে। আশা করি শিক্ষকরা প্রশ্নগুলোর আলোকে নতুন নতুন passage শিক্ষার্থীদের দিয়ে অনুশীলন করাবেন। মুখস্ত করা নয়, skill আয়ত্ব করাই শিক্ষার্থীদের লক্ষ্য হওয়া উচিৎ।

Passage A

Bed rest is bad for you. The reason, according to the leading American health magazine *Prevention*, is that a whole range of bodily functions begin to weaken after as short a time as one day in bed. Muscle tissue starts to break down, robbing the body of important minerals and leading to substantial weakness in just a few days: bones start to break down and lose calcium : the body is unable to use food efficiently, heart and blood vessels get weak after a couple of days, which can lead to a rise in pulse rate and a drop in blood volume: joint stiffness and constipation are also common.

'Prolonged bed rest is not to be taken lightly', says Dr Benjamin Natelson, professor of neurosciences of New Jersey Medical School. And that is why doctors these days make every effort to get patients up and moving as soon as possible after heart attacks and operations.

1. Polar questions (Yes – No questions)

   (a) Is bed rest good for us?
   Answer : No.

   (b) Should patients be up and moving after heart attacks and operations?
   Answer : Yes.

2. Multiple – choice questions (questions to which correct answers are to be chosen out of a number of alternatives)

   (a) *Prevention* is a
   i. book
   ii. magazine
   iii. disease

   (b) Calcium is a
   i. mineral
   ii. vitamin
   iii. cabrohydrate

(c) Dr. Benjamin Natelson is a professor of
   i. Medicine
   ii. Surgery
   iii. Neurosciences

3. *Wh*-questions (questions which begin with interrogative words: *who, what, why, whether* and *how*)
   a) What happens when muscle tissue breaks down?
   b) How does physical activity help heart patients?

4. Inference questions (questions to which answers are not obvious; they have to be deduced)
   a) What bodily functions are mentioned in the passage?
   b) How does physical activity help heart patients?

5. What is the structure of the passage or how is the passage organised?

